

অবশেষে সেই শিক্ষক বরখাস্ত

নিজস্ব সংবাদদাতা, মাদারীপুর, ২৯
এপ্রিল । অবশেষে বরখাস্ত হলো
ছাত্রী নির্যাতনকারী শিক্ষক বাসুদেব
সাহা। বৃহস্পতিবার তাকে
বরখাস্তসহ তিন সদস্যের তদন্ত
কমিটি গঠন করেছে স্কুল
কর্তৃপক্ষ। অভিযোগে জানা গেছে,
১ এপ্রিল রাজৈর উপজেলার
টেকেরহাট শহীদ সরদার শাজাহান
গার্লস স্কুল এ্যান্ড কলেজের
খণ্ডকালীন শিক্ষক বাসুদেব সাহা
দশম শ্রেণীর মানবিক বিভাগের
ছাত্রী সানজিদা ইসলামকে পিটিয়ে
হাতের আঙ্গুল ভেঙ্গে দেয়। ক্লাসের
পড়া না হওয়া ও নির্দিষ্ট ইংরেজী
গ্রামার বই না আনার অভিযোগ
এনে স্টিলের স্কেল দিয়ে পিটিয়ে
তার হাতের আঙ্গুল ভেঙ্গে দিয়েছে
খণ্ডকালীন শিক্ষক বাসুদেব সাহা।
সানজিদা বাড়িতে গিয়ে না
জানালেও কয়েকদিন পর তার
আঙ্গুল ফুলে ওঠে। অভিভাবকরা
বিষয়টি টের পেয়ে সানজিদাকে
ডাক্তারের কাছে নিয়ে যায়। এক্স-
রে করে জানতে পারে তার আঙ্গুল
ভেঙ্গে গেছে। পরে ২৬ এপ্রিল
সানজিদার বাবা হায়দার ফকির
অধ্যক্ষের কাছে লিখিত অভিযোগ
দায়ের করেন।